# Nurowel [ Vitamin $B_1$, $B_6$ & $B_{12}$ ]

SMC

## Vitamins Supplement

### Composition
**Nurowel** tablet: Each film coated tablet contains Thiamine Mononitrate (Vitamin $B_1$) BP 100 mg, Pyridoxine Hydrochloride (Vitamin $B_6$) BP 200 mg & Cyanocobalamin (Vitamin $B_{12}$) BP 200 mcg.

### Description
**Nurowel** (Vitamin $B_1$, $B_6$ & $B_{12}$) is a combination of Vitamin $B_1$ (Thiamine), $B_6$ (Pyridoxine) & $B_{12}$ (Cyanocobalamin). These vitamins play an essential role as co-enzyme for the metabolism of nervous system. Thus this combination normalizes the nerve cell metabolism. **Nurowel** (Vitamin $B_1$, $B_6$ & $B_{12}$) supports the regeneration of nerve fibers and myelin sheath by activation of the metabolism and the natural repair mechanism.

### Indication
**Nurowel** (Vitamin $B_1$, $B_6$ & $B_{12}$) is indicated where a deficiency of the relevant vitamins exists. This is also indicated in neurological disorders such as poly neuropathies, neuralgia, lumbago, sciatica, facial neuralgia etc.

### Dosage and administration
1-3 tablets per day or as directed by the physician.

### Contraindication
Vitamin $B_1$, $B_6$ & $B_{12}$ should not be used in patients on Levodopa therapy and hypersensitivity to any of the active ingredients.

### Adverse effect
Vitamin $B_1$, $B_6$ & $B_{12}$ are generally well tolerated. In rare cases hypersensitive reaction has been reported and sensitivity disturbance may occur.

### Use in special group
No risks have become known associated with the use of Vitamin $B_6$ & Vitamin $B_{12}$ during pregnancy at the recommended dose. It is not known whether Thiamine (Vitamin $B_1$) is excreted in breast milk or not, but may be taken cautiously during lactation. Vitamin $B_6$ & Vitamin $B_{12}$ have no adverse effect during lactation.

### Precaution
Caution should be taken in patients with renal impairment, sarcoidosis, hypercalcemia and hypercalciuria, cardiac disease.

### Drug interaction
Neomycin, Chloramphenicol, Aminosalicylic acid & Histamine ($H_2$) receptor antagonist may reduce Vitamin $B_{12}$ absorption.

### Storage
Keep out of the reach of children. **Keep below $30^0$ C, protect from light.**

### How supplied
**Nurowel** tablet: Each box contains 6x10's tablet in blister pack.

SMC

Manufactured for
**SMC ENTERPRISE LTD**, Zamirdia, Bhaluka, Mymensingh
by **Julphar Bangladesh Ltd.**, Faridpur, Sreepur, Gazipur

Version: 00

# নিউরোওয়েল [ ভিটামিন বি$_{১}$, বি$_{৬}$ এবং বি$_{১২}$ ]

SMC

ভিটামিন সম্পূরক

**উপাদান**

নিউরোওয়েল ট্যাবলেট: প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে থায়ামিন মনোনাইট্রেট (ভিটামিন বি$_{১}$) বিপি ১০০ মি. গ্রা., পাইরিডক্সিন হাইড্রোক্লোরাইড (ভিটামিন বি$_{৬}$) বিপি ২০০ মি. গ্রা. এবং সায়ানোকোবালামিন (ভিটামিন বি$_{১২}$) বিপি ২০০ মাইক্রো গ্রাম।

**বর্ণনা**

**নিউরোওয়েল** (বি$_{১}$, বি$_{৬}$ এবং বি$_{১২}$) ভিটামিন বি$_{১}$ (থায়ামিন), ভিটামিন বি$_{৬}$ (পাইরিডক্সিন) এবং ভিটামিন বি$_{১২}$ (সায়ানোকোবালামিন) এর সমন্বয়ে গঠিত। এই সব ভিটামিন স্নায়ুতন্ত্রের বিপাকে কো-এনজাইম হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এজন্য এই সব ভিটামিন স্নায়ুকোষের বিপাককে স্বাভাবিক করে। **নিউরোওয়েল** (বি$_{১}$, বি$_{৬}$ এবং বি$_{১২}$) বিপাক ও প্রাকৃতিক পুনর্গঠন প্রক্রিয়াকে সক্রিয় করার মাধ্যমেও নার্ভ ফাইবার ও মাইলিন সিথ পুনর্গঠন করে।

**নির্দেশনা**

**নিউরোওয়েল** (বি$_{১}$, বি$_{৬}$ এবং বি$_{১২}$) বিভিন্ন ভিটামিন অভাবজনিত রোগে নির্দেশিত। এছাড়াও এটি নিউরোলজিক্যাল রোগ যেমন: নিউরোপ্যাথী, নিউরালজিয়া, লাম্বাগো, সায়াটিকা, ফেসিয়াল নিউরালজিয়ায় নির্দেশিত।

**মাত্রা ও সেবনবিধি**

দৈনিক ১-৩ টি ট্যাবলেট অথবা চিকিৎসকের পরার্মশ অনুযায়ী।

**প্রতিনির্দেশনা**

যে সকল রোগী লিবোডোপা নিচ্ছে সে সকল রোগীদের ক্ষেত্রে নির্দেশিত নয় এবং এর যে কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীল রোগীর জন্য ভিটামিন বি$_{১}$, বি$_{৬}$ এবং বি$_{১২}$ প্রতিনির্দেশিত।

**পার্শ্ব প্রতিক্রিয়া**

সাধারণত ভিটামিন বি$_{১}$, বি$_{৬}$ এবং বি$_{১২}$ সুসহনীয়। অতিসংবেদনশীল বিক্রিয়া খুব কম ক্ষেত্রে হয় এবং সংবেদনশীলতার উপদ্রব হতে পারে।

**বিশেষ গ্রুপের ব্যবহার**

গর্ভাবস্থায় অনুমোদিত মাত্রা বি$_{৬}$ ও বি$_{১২}$ ব্যবহারে কোন প্রকার বিরুপ প্রতিক্রিয়া পাওয়া যায়নি। থায়ামিন বুকের দুধে নি:সৃত হয় কিনা তা জানা যায়নি কিন্তু মাতৃদুগ্ধদানকালে সর্তকতার সাথে গ্রহন করা উচিত। দুগ্ধদানকালীন মায়েদের ক্ষেত্রে বি$_{৬}$ ও বি$_{১২}$ ব্যবহারে কোন প্রকার বিরুপ প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

**সতর্কতা**

কিডনীর জটিলতায় আক্রান্ত, সারকোইডোসিস, হাইপারক্যালসেমিয়া এবং হাইপারক্যালসিইউরিয়া, কার্ডিয়াক রোগীদের ক্ষেত্রে সতর্কতার সাথে গ্রহণ করা উচিত।

**অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া**

নিওমাইসিন, ক্লোরামফেনিকল, এমাইনোস্যালিসাইলিক এসিড এবং হিস্টামিন এইচ-২ রিসেপ্টর এন্টাগনিষ্ট ভিটামিন বি$_{১২}$ এর শোষণ কমিয়ে দিতে পারে।

**সংরক্ষণ**

শিশুদের নাগালের বাইরে রাখুন। **আলো থেকে দূরে, ৩০° সে. তাপমাত্রার নিচে রাখুন।**

**সরবরাহ**

নিউরোওয়েল ট্যাবলেট: প্রতি বাক্সে আছে ৬X১০ টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে।

SMC

**এসএমসি এন্টারপ্রাইজ লি:**, জামিরদিয়া, ভালুকা, ময়মনসিংহ এর জন্য
**জুলফার বাংলাদেশ লি:**, ফরিদপুর, শ্রীপুর, গাজীপুর কর্তৃক প্রস্তুত।